

কালের কণ্ঠ

EN

🏠 / জাতীয় / বিনা মূল্যে ৬০০ দরিদ্র শিশুর বিজ্ঞান জাদুঘর ভ্রমণ

প্রকাশ: ৩১ জানুয়ারি, ২০২৩ ১৮:৪৬

বিনা মূল্যে ৬০০ দরিদ্র শিশুর বিজ্ঞান জাদুঘর ভ্রমণ

📖 অনলাইন ডেস্ক



অ +

অ -



সংগৃহীত ছবি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে আজ মঙ্গলবার পথশিশুসহ দরিদ্র ও দুস্থ শিশুদের জন্য বিনা মূল্যে জাদুঘর পরিদর্শন এবং বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়।

রাজধানীর আগারগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, তালতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, স্বদেশ মৃত্তিকা বিদ্যালয়, জামেয়া হোসাইনিয়া মাদরাসা, আলমনগর মাদরাসা, প্রভাত আনন্দসহ বিভিন্ন প্রতিষ্ঠানের ছয় শতাধিক শিক্ষার্থী উৎসবমুখর পরিবেশে প্রায় চার ঘণ্টা জাদুঘরের বিভিন্ন প্রদর্শনীবস্তু পরিদর্শন করে জ্ঞান অর্জন করে। তাদের বিজ্ঞানের মৌলিক বিষয় এবং আধুনিক প্রযুক্তির নব উদ্ভাবন সম্পর্কে পরিচিত করা হয়।

এসব শিশু অর্থনৈতিক কারণে বিজ্ঞান জাদুঘরে আসতে পারে না। প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় সীমাবদ্ধতার বিষয় বিবেচনা করে হাতে কলমে জ্ঞানার্জনের অপরিহার্যতার বিষয়টি উপলব্ধি করে বিজ্ঞান জাদুঘর এ উদ্যোগ গ্রহণ করে। এসব প্রতিষ্ঠান থেকে আগত শিক্ষার্থীরা জাদুঘরে এসে আনন্দে উদ্বেলিত হয়। বিজ্ঞান জাদুঘরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী এসব শিশু-কিশোরের সঙ্গে একাত্ম হয়ে দায়িত্ব পালন করে।

এ প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, সমাজের বিশেষ কোনো শ্রেণির নাগরিকদের জন্য নয়, ধনী-দরিদ্র সর্বস্তরের নাগরিকদের জাদুঘরে আসার এবং জ্ঞানতৃষ্ণা মিটানোর অধিকার রয়েছে। সংবিধানে বর্ণিত সমতা নীতির ভিত্তিতে বিজ্ঞান জাদুঘর অনগ্রসর মানুষের জন্য বিশেষ কিছু ব্যবস্থা গ্রহণ করে। এতে পথশিশু এবং দুস্থ ও

NEWAGE

The outspoken daily

www.newagebd.net

Dhaka, Wednesday, February 1, 2023, Magh 18, 1429 BS



Underprivileged children including street children visit the National Museum of Science and Technology for free on Tuesday.
— Press release

✓